যুগান্তর

তারিখ ... 30 AUG 2016 ...
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ২ ...

ঢাবিতে ১২তম মৃত্যুবার্ষিকী পালিত

# উগ্রপন্থার বিস্তারের কথা আগেই বলেছিলেন হুমায়ূন আজাদ

সাংস্কৃতিক রিপোর্টার

কবিতায় হুমায়ূন আজাদ উগ্রপন্থার বিস্তারের কথা বলেছিলেন অনেক আগেই। কবিতা, প্রবন্ধে বারবার উল্লেখ করেছিলেন স্বাধীনতাবিরোধীদের আস্ফালনের কথা। সেই কবির 'নির্ভীক উচ্চারণকে' সঠিকভাবে মূল্যায়ন না করায় জাতি তার মূল্য চুকাচ্ছে বলে মন্তব্য করলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি ড. আ আ ম স আরেফিন সিদ্দিক। কবি-প্রাবন্ধিক-সমালোচক-শিক্ষক ড. হুমায়ূন আজাদের ১২তম মৃত্যুবার্ষিকী উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে এ কথা বলেন তিনি।

সোমবার বিকালে ঢাকা বিশ্ববিদ্যালয়ের টিএসসি অডিটরিয়ামে হুমায়ূন আজাদ ফাউন্ডেশন ও ঢাকা বিশ্ববিদ্যালয় যৌথভাবে আলোচনা সভা ও তার কবিতা আবৃত্তি অনুষ্ঠানের আয়োজন করে। জঙ্গিবাদ-সন্ত্রাসের উত্থান নিয়ে হুমায়ূন আজাদের সঙ্গে আলাপচারিতার কথা স্মরণ করে অনুষ্ঠানের প্রধান বক্তা ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি ড. আ আ ম স আরেফিন সিদ্দিক বলেন, আজকের এ সংকটের কথা তিনি আমাকে সরাসরি বলেছিলেন। তিনি বলেছিলেন— জামায়াত-শিবির চক্র দেশকে একদিন ধ্বংসের দ্বারপ্রান্তে দাঁড় করাবে। হুমায়ূন আজাদের স্মৃতি রক্ষার্থে হুমায়ূন আজাদ ফাউন্ডেশনের সভাপতি সাজ্জাদ কবির অনুরোধ জানালে ভিসি জানান, স্মৃতিরক্ষার্থে এখনও 'সুনির্দিষ্ট' কোনো পদক্ষেপ নেয়া হয়নি। অনুষ্ঠানের বিশেষ অতিথি সংস্কৃতি সচিব আকতারী মমতাজ, ঢাকা বিশ্ববিদ্যালয়ের অর্থনীতির অধ্যাপক এমএম আকাশ, দু?র্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের সচিব শাহ কামাল, প্রাবন্ধিক ও প্রকাশক খান মাহবুব, সাংবাদিক মোজাম্মেল বাবু, ঢাকা বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের অধ্যাপক আহমেদ কবীর, গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের শিক্ষক শামীম রেজা উপস্থিত ছিলেন।

■ পৃষ্ঠা ৭ : কলাম ৪